গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
প্রশাসন শাখা
বাড়ি-৪৪, সড়ক-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯

নম্বর ৩৭.২৪.০০০০.০০১.১১.০০২.১৮.২

তারিখ: ১৯ পৌষ ১৪২৯
০৩ জানুয়ারি ২০২৩

নিয়োগ বিজ্ঞপ্তি

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট'র রাজস্ব খাতভুক্ত নিম্নবর্ণিত পদে সরাসরি নিয়োগের জন্য পদের পার্শ্বে বর্ণিত শর্তে প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট থেকে নির্ধারিত ছকে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

ক্রম.	পদের নাম ও গ্রেড (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী)	বয়স	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	যে সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন
১.	ড্রাইভার (গ্রেড-১৬) বেতন স্কেল (৯৩০০-২২৪৯০)	১৮-৩০ বছর	০১ (এক) টি	ক) কোনো স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। খ) হালকা গাড়ি চালনায় বৈধ হালনাগাদ ড্রাইভিং লাইসেন্সসহ বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। গ) বাংলা ও ইংরেজি লিখতে এবং পড়তে সক্ষম।	দেশের সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন

শর্তাবলী:

১। প্রার্থীকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্ধারিত (Prescribed) চাকুরীর আবেদন ফরমে আবেদন করতে হবে। **কেবল ডাকযোগে প্রেরিত আবেদনপত্র আগামী ০৮/০১/২০২৩ থেকে ২৯/০১/২০২৩ টার মধ্যে অফিস চলাকালীন সময়ে** ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, বাড়ি নং-৪৪ (২য় তলা), সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯ বরাবর পৌঁছাতে হবে।

২। **জনপ্রশাসন মন্ত্রণালয়, বিধি-১ শাখার ২২/০৯/২০২২ তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০-১৪৯ নং স্মারক মোতাবেক ২৫/০৩/২০২০ তারিখে যে সকল প্রার্থীর বয়স সর্বোচ্চ বয়সসীমার মধ্যে ছিল সে সকল প্রার্থীও আবেদন করতে পারবেন।**

৩। আবেদনপত্রের সাথে প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত (নামসহ সীল) নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবে:

ক) সদ্য তোলা পাসপোর্ট সাইজের রঙ্গিন ০৩ (তিন) কপি ছবি;

খ) বয়স প্রমাণের জন্য শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত জেএসসি/সমমান পরীক্ষার মূল/সাময়িক সনদপত্রের সত্যায়িত অনুলিপি এবং

গ) মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তানদের ক্ষেত্রে সর্বশেষ নীতিমালা অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত তাদের পিতা/মাতার/পিতার পিতা/পিতার মাতা/মাতার পিতা/মাতার মাতা (প্রযোজ্য ক্ষেত্রে) এর মুক্তিযোদ্ধা সার্টিফিকেট এবং এ সংক্রান্ত সর্বশেষ প্রকাশিত গেজেট, যা যথাযথভাবে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত এর সত্যায়িত অনুলিপি।

৪। প্রার্থীর বয়স ২৯/০১/২০২৩ খ্রি: তারিখে ১৮ থেকে ৩০ বছর হতে হবে। মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধার সন্তানের এবং প্রতিবন্ধী প্রার্থীদের বয়স সীমা ১৮-৩২ বছর হতে হবে। মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধার সন্তানের সন্তানদের ক্ষেত্রে বয়স ৩০ বছর হতে হবে।

৫। নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত পদের ক্ষেত্রে পরীক্ষার ফি বাবদ ২০০ (দুইশত) টাকা ট্রেজারি চালানে সরকারি কোষাগারে/ব্যাংকে কোড নং ১-৪৬৩২-০০০১-২০৩১ এ জমা প্রদান করতঃ চালানের মূল কপি আবেদনপত্রের সাথে সংযোজন করতে হবে।

৬। খামের উপরে পদের নাম, নিজ জেলা এবং কোন কোটার প্রার্থী তা উল্লেখ করতে হবে।

৭। আবেদনপত্রের সাথে আবেদনকারীর ঠিকানা লিখিত **১০ (দশ)** টাকার ডাকটিকেট সংযুক্ত একটি ফেরত খাম (১০” × ৪.৫” সাইজের) পাঠাতে হবে।

৮। চাকুরিরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৯। লিখিত, ব্যবহারিক এবং মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদেরকে কোনো প্রকার টিএ, ডিএ দেওয়া হবে না।

১০। লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ সংশ্লিষ্ট প্রার্থী মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় নিম্নবর্ণিত কাগজপত্র সনদের মূল কপি প্রদর্শন এবং সংশ্লিষ্ট সনদের মূলকপির সত্যায়িত অনুলিপি জমা প্রদান করতে হবে:

ক) শিক্ষাগত যোগ্যতার মূল/সাময়িক সনদপত্র, জাতীয় পরিচয় পত্র, হালনাগাদ বৈধ ড্রাইভিং লাইসেন্স, সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ এবং মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তানদের ক্ষেত্রে সর্বশেষ নীতিমালা অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত তাদের পিতা/মাতার/পিতার পিতা/পিতার মাতা/মাতার পিতা/মাতার মাতা (প্রযোজ্য ক্ষেত্রে) এর মুক্তিযোদ্ধা সার্টিফিকেট এবং এ সংক্রান্ত সর্বশেষ প্রকাশিত গেজেট।

১১। প্রার্থীর যোগ্যতা যাচাই: প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা বিজ্ঞপ্তিতে চাওয়া নূন্যতম শর্তের সাথে গরমিল/অসামঞ্জস্য পাওয়া গেলে, ভূয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোন প্রার্থীর প্রার্থিতা পরীক্ষা চলাকালীন অথবা পরবর্তীতে যে কোন সময়ে বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১২। শিক্ষা মন্ত্রণালয় এবং প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর ওয়েবসাইট যথাক্রমে www.moedu.gov.bd এবং www.pmeat.gov.bd তে বিজ্ঞপ্তিটি আবেদনের নির্ধারিত (Prescribed) ফরমসহ পাওয়া যাবে। **উক্ত ওয়েবসাইটসমূহে প্রবেশপত্রের একটি নমুনা সংযুক্ত করা হয়েছে**। **প্রার্থীদেরকে আবেদনপত্রের সাথে নমুনা প্রবেশপত্রের দুই কপি পুরণপূর্বক দাখিল করতে হবে।**

১৩। নিয়োগ সংক্রান্ত যে কোনো বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৪-১-২০২৩

জান্নাতুল ফেরদৌস
উপ-পরিচালক (উপসচিব) ও সদস্য সচিব ৩য় ও ৪র্থ শ্রেণি নিয়োগ কমিটি
ফোন: ০২-৫৫০০০৪২৫
ইমেইল: dd@pmeat.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)

৩) সহকারী প্রোগ্রামার , আইসিটি শাখা , প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)